



জনসংযোগ কার্যালয়  
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

সাভার, ঢাকা, বাংলাদেশ  
ফোন: ০২২২৪৪৯১০৪৫-৫১  
ফ্যাক্স: ০২২২৪৪৯১০৫২  
ওয়েবসাইট: www.juniv.edu



প্রেস বিজ্ঞপ্তি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়

বিজনেস স্টাডিজ অনুষদে বার্ষিক গবেষণা প্রকল্প সেমিনার

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ২৬ মে ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদে বিশ্ববিদ্যালয়ের অর্থায়নে পরিচালিত গবেষণা প্রকল্পের সারসংক্ষেপ উপস্থাপন বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। রবিবার সকাল এগারোটায় বিশ্ববিদ্যালয়ের বিজনেস স্টাডিজ অনুষদে এই সেমিনার অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম। প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলম বলেন, বিজনেস স্টাডিজ অনুষদের শিক্ষকদের গবেষণা বিশ্ববিদ্যালয়ের র্যাঙ্কিং আরো এগিয়ে নিতে সহায়ক হবে। উপাচার্য শিক্ষকদের গবেষণা প্রবন্ধ আন্তর্জাতিক বিভিন্ন জার্নালে প্রকাশ ও বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে আপলোডের আহ্বান জানান।

এসময় বিজনেস স্টাডিজ অনুষদের ডিন অধ্যাপক ড. নিগার সুলতানা, ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের অধ্যাপক ড. মোহাম্মদ শওকত হোসেন, মার্কেটিং বিভাগের সভাপতি ড. মো. আরিফুল হক, একাউন্টিং এন্ড ইনফরমেশন সিস্টেমস বিভাগের সভাপতি মো. সোহেল রানা, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের সভাপতি ড. মো. আসাদুল্লাহ সহ অনুষদভুক্ত বিভিন্ন বিভাগের শিক্ষকরা উপস্থিত ছিলেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি  
পরিচালক (ভারপ্রাপ্ত)